
# দেশ পুনর্গঠনের বড় দায়িত্ব এখন বিএনপির: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

দেশের বর্তমান পরিস্থিতিতে পুনর্গঠনের কাজকে বড় চ্যালেঞ্জ হিসেবে দেখছেন বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, আওয়ামী লীগ দেশকে ধ্বংসের দিকে নিয়ে যাওয়ার পর সেই পরিস্থিতি থেকে দেশকে ঘুরে দাঁড় করানোর দায়িত্ব বিএনপির ওপরই এসেছে।

শনিবার (৮ আগস্ট) জাতীয় সংসদের এলডি হল প্রাঙ্গণে ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব)-এর ৩৭তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় তিনি এসব কথা বলেন।

১৯৭৫ সালের পর দেশের পুনর্গঠনে প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ভূমিকার কথা উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, তখনও ধ্বংসস্তূপের মধ্য থেকে দেশকে এগিয়ে নেওয়ার কাজ হয়েছিল। পরবর্তী সময়ে দেশনেত্রী খালেদা জিয়াও সেই দায়িত্ব পালন করেছেন। বর্তমানে একই দায়িত্ব তারেক রহমানের ওপর এসে পড়েছে।

তিনি বলেন, দেশের কাঠামো নতুন করে দাঁড় করানোর কাজ শুরু করেছেন তারেক রহমান। তবে এর মধ্যেই একটি মহল আবারও অস্থিতিশীল পরিস্থিতি তৈরির চেষ্টা করছে, যা অত্যন্ত দুঃখজনক।

সরকার সংসদীয় ব্যবস্থার মধ্যেই দেশের সমস্যা সমাধানের পথ খুঁজতে চায় বলে জানান স্থানীয় সরকারমন্ত্রী। তার অভিযোগ, একটি পক্ষ রাজপথে নেমে এমন কর্মকাণ্ড করছে, যার ফলে দেশে আবার অস্থিতিশীলতা তৈরির আশঙ্কা দেখা দিচ্ছে।